# পিস্ মিশন আয়ারল্যান্ড

**Peace Mission Ireland**

# সাংগঠ নিক কাঠামো

## সহযোগী সদস্য ঃ

আয়ারল্যান্ডে বসবাসকারী মুসলমানদের মধ্যে যে কেউ নিম্নোক্ত করণীয় সমূহ পূরণ করার মাধ্যমে সহযোগী সদস্য পদ লাভ করতে পারবেন:

ক. পি,এম,আই এর উদ্দেশ্য এবং নীতিমালার সাথে একমত হওয়া।
খ. পি,এম,আই এর কর্মসূচী বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করা।
গ. নিয়মিত আর্থিক অনুদান প্রদান করা।

## সদস্য ঃ

একজন সহযোগী সদস্য নিম্নোক্ত শর্ত সমূহ পূরণ সাপেক্ষে (পূর্ণ) সদস্য হিসেবে গৃহীত হবেন:

ক. পি,এম,আই এর কাজের প্রতি নিবেদিত প্রাণ হওয়া।
খ. কোরআন এবং সুন্নাহ ভিত্তিক ইসলামী নীতিমালা মেনে চলা।
গ. সাংগঠনিক শৃংখলা মেনে চলা।
ঘ. তার সদস্য পদের আবেদন এক্সিকিউটিভ কমিটি কর্তৃক অনুমোদিত হওয়া।

## কেন্দ্রীয় সভাপতি ঃ

এ সংগঠনের কেন্দ্রীয় সভাপতি কেন্দ্রীয় এক্সিকিউটিভ কমিটি কর্তৃক নবনির্বাচিত সদস্যদের মধ্য থেকে কেন্দ্রীয় সদস্য সম্মেলনে গোপন ব্যালটের মাধ্যমে দুই বছর মেয়াদকালের জন্য নির্বাচিত হন। তবে একই ব্যাক্তি পর পর দুই সেশনের বেশী সময়ের জন্য নির্বাচিত হতে পারবেন না।

## কেন্দ্রীয় এক্সিকিউটিভ কমিটি ঃ

কেন্দ্রীয় এক্সিকিউটিভ কমিটি সংগঠনের জন্য নীতি ও কর্মপদ্ধতি প্রণয়ন, বার্ষিক পরিকল্পনা এবং বাজেট অনুমোদন সহ কেন্দ্রীয় সভাপতিকে প্রেয়োজনীয় পরামর্শ এবং সহায়তা প্রদানের নিমিত্তে কেন্দ্রীয় সদস্য সম্মেলনে গোপন ব্যালটের মাধ্যমে দুই বছরের জন্য গঠিত হয়ে থাকে।

## প্রিয় মুস্লিম ভাই ও বোনেরা,

আসুন! পিস্ মিশন আয়ারল্যান্ড এ যোগদান করে ইসলামের সকল দিক ও বিভাগকে জানার চেষ্টা করি, তার উপর আমল করতে সচেষ্ট হই এবং অন্যান্য ভাই বোনদেরকে এ কাজে শরীক হতে উদাত্ত আহ্বান জানাই।

সুতরাং আজই এ সংগঠনে যোগদান করে পরিচিতির সাথে সংযুক্ত ফরমটি পূরণ করে পাঠিয়ে দিন। আল্লাহ রব্বুল আলামীন আমাদের সকলকে তার দ্বীনের দায়িত্ব যথাযথভাবে পালন করে ইহকালে কল্যাণ ও পরকালে জান্নাত লাভের তাওফিক দিন। আমিন।।

**পিস্ মিশন আয়ারল্যান্ড**



'আর তার কথা অপেক্ষা উত্তম কথা কার হতে পারে ? যে আল্লাহর দিকে আহ্বান করে, সৎকর্ম করে এবং বলে, আমি মুসলমানদের মধ্যে অন্তর্ভুক্ত '।

*সূরা হুসসিলাত আয়াত ৩৩।*

# পরিচিতি



## পিস্ মিশন আয়্যারল্যান্ড

f: www.facebook.com/peacemissionireland
w: www.peacemissionireland.ie
e: info@peacemissionireland.ie
c: 089-447-42-60
**Reg:507590**

# পিস্ মিশন আয়ারল্যান্ড (PMI)

## সম্মানিত মুসলিম ভাই ও বোনেরা,

আল্লাহ সুবহানাহু ওয়াতালা তাঁর সৃষ্টিকুলের সেরা মানুষকে দুনিয়ায় খলিফা বা প্রতিনিধি হিসাবে প্রেরণ করেছেন যাতে তারা একমাত্র তাঁরই দাসত্ব করে এবং তাঁরই নির্দেশিত পন্থায় নিজেদেরকে এবং সমগ্র মানবতাকে পরিচালিত করতে পারে। হিদায়াতের আলো নিয়ে যুগে যুগে আম্বিয়ায়ে কেরামগণ অন্ধকার এ পৃথিবীতে মানবতাকে পথ দেখাবার জন্য প্রেরিত হয়েছেন, যার অব্যাহত ধারা সর্বশ্রেষ্ঠ নবী হযরত মুহাম্মদ (সঃ) এর মাধ্যমে সর্বশেষ পূর্ণাঙ্গ ঐশী গ্রন্থ কুরআন প্রাপ্তির মাধ্যমে পূর্ণতা লাভ করেছে। আর যেহেতু কোন নবী-রাসূল আসবেন না, তাই ক্বিয়ামত পর্যন্ত মানবতাকে সঠিক পথ দেখাবার এই সুমহান দায়িত্ব উম্মতে মুহাম্মদীর উপর। আল্লাহ পাক ইরশাদ করেন- "আমি তোমাদেরকে একটি মধ্যমপন্থী জাতি হিসাবে সৃষ্টি করেছি যাতে পৃথিবীর মানুষের জন্য তোমরা সাক্ষ্য হও আর রাসূল (সঃ) হচ্ছেন তোমাদের জন্য সাক্ষী।" *সূরা বাক্বারা-১৪৩।*

অর্থাৎ রাসূল (সাঃ) যে আদর্শ নিজের জীবন, পরিবার এবং রাষ্ট্রে প্রতিষ্ঠা করে দেখিয়ে গেছেন সে আদর্শ সারা পৃথিবীর সামনে তুলে ধরার দায়িত্ব আমাদের। এ দায়িত্ব সম্পর্কে শেষ বিচারের দিনে আমাদেরকে আল্লাহ পাকের দরবারে জবাবদীহি করতে হবে। এখন প্রশ্ন হচ্ছে এ দায়িত্ব আমরা কতটুকু পালন করছি।

নিজেকে সঠিক মুসলমান হিসেবে গড়ে তোলা, পরিবার-পরিজন ও সমাজ/কমিউনিটিকে ইসলামের উপর প্রতিষ্ঠিত করা এবং মুসলিম-অমুসলি নির্বিশেষে সকলের নিকট ইসলামের সুমহান বাণী পৌঁছে দেয়ার এ বিশাল কাজ কি একা করা সম্ভব? আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা ইরশাদ করেন- "তোমরা আল্লাহর রজ্জুকে সংঘবদ্ধভাবে আঁকড়ে ধর এবং পরষ্পর বিচ্ছিন্ন হয়োনা।" *আলে-ইমরান ১০৩।*

রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন-"মেষপালের বাঘের (শত্রু) ন্যায় মানুষের বাঘ (শত্রু) হল শয়তান। (মেষপালের মধ্য হতে) বাঘ সে মেষটিকেই ধরে নিয়ে যায়, যে একাকী বিচরণ করে, কিংবা (খাদ্যের অন্বেষণে) পাল থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। সাবধান, তোমরা দল ছেড়ে দুর্গম গিরি পথে যাবেনা এবং তোমরা অবশ্যই দলবদ্ধবাবে সাধারনের সাথে থাকবে।" *(আহমদ)*

## প্রিয় দ্বীনি ভাই ও বোনেরা,

আলহামদুলিল্লাহ, পিস্ মিশন আয়ারল্যান্ড (পিএমআই); আয়ারল্যান্ডে বসবাসকারী মুসলমানদের জন্য আল্লাহ্পাকের এক বিশেষ নিয়ামত। মুসলমানদের প্রয়োজন, সামর্থ, আর্থ-সামাজিক বাস্তবতা ও ইসলামের সামগ্রিক দাবীকে সামনে রেখে পিএমআই প্রণয়ন করেছে তার কর্মনীতি ও কর্মসূচী। পুরুষদের জন্য রংয়েছে পুরুষ দ্বারা পরিচালিত পুরুষ শাখা। মহিলাদের জন্য মহিলাদের দ্বারা পরিচালিত পৃথক মহিলা শাখা।

## আক্বীদাহ বা মৌলিক বিশ্বাস

এ সংগঠনের মৌলিক আক্বীদাহ বা বিশ্বাস হচ্ছে: আল্লাহ্তায়ালা ছাড়া কোন ইলাহ বা মা'বুদ নেই এবং মুহাম্মদ (সাঃ) আল্লাহ্তায়ালার রাসূল।

## উদ্দেশ্য ☙

ক. আল্লাহ্তায়ালার ইবাদাত এবং মানবতার কল্যাণ সাধনের মাধ্যমে তাঁর সন্তুষ্টি অর্জন।

খ. ইসলামী আক্বীদাহ ও মূল্যবোধের ভিত্তিতে সামাজিক, নৈতিক এবং আধ্যাত্মিক পরিশুদ্ধি আনয়ন।

গ. সকলের কল্যাণের নিমিত্তে সমাজে/কমিউনিটিতে মুসলমানদের সক্রিয় ভূমিকা পালনের জন্য উৎসাহ দান এবং সহায়তা করা।

## মূলনীতি ☙

সিদ্ধান্ত গ্রহণ, নীতি নির্ধারণ এবং কার্যপ্রণালী প্রণয়নে পিস্ মিশন আয়ারল্যান্ড সকল সময়:

ক. কুরআন ও সুন্নাহ ভিত্তিক ইসলামী নীতিমালা এবং ইসলামী শিক্ষার অনুকরণ এবং;

খ. যথাযথ ক্ষেত্রে আয়ারল্যান্ড এবং ইউরোপীয় আইনের অনুসরণ করবে।

## কর্মসূচী ☙

১) দাওয়াহ: মানুষের কাছে (ইসলামের দাওয়াত নিয়ে) পৌঁছা এবং (ইসলাম সম্পর্কে) সচেতনতা বৃদ্ধি করা, মানুষকে আল্লাহ তায়ালার পথে আহ্বান করা এবং ইসলামের সঠিক ধারণা তুলে ধরা।

২) সংঘবদ্ধতা: কমিউনিটির জন্য সংঘবদ্ধ প্রচেষ্টা: ভ্রাতৃত্ব ও ঐক্যের ভিত্তিতে সংঘবদ্ধভাবে কমিউনিটির জন্য কাজ করার নিমিত্তে মুসলমানদেরকে ঐক্যবদ্ধ করা।

৩) তারবিয়াহ: প্রশিক্ষণ এবং মানোন্নয়ন: আল্লাহ পাকের নৈকট্য লাভের লক্ষ্যে মানুষকে ইসলামী শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং সদস্যদেরকে অত্যাবশকীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে কমিউনিটির খেদমতের জন্য তৈরী করা।

৪) সমাজ কল্যাণ: সর্বসাধারনের জন্য কল্যাণকর কাজের সম্প্রসারণ: সামাজিক ব্যাধি দূরীকরণ এবং সকলের জন্য কল্যাণকর কাজ করার মাধ্যমে একটি শান্তিপূর্ণ ঐকবদ্ধ কমিউনিটি গঠন করা।

৫) ন্যায়বিচার: ধর্ম, বর্ণ ও কৃষ্টি নির্বিশেষে ন্যায়, সুবিচার ও মানবতার মর্যাদা প্রতিষ্ঠা করার জন্য কাজ করে যাওয়া।

## সমর্থক ফরম

আমি **পিস্ মিশন আয়ারল্যান্ড** এর উদ্দেশ্য এবং কর্মসূচীর সাথে একমত হয়ে এ সংগঠনের কাজে অংশগ্রহণ করার জন্য এর সমর্থক ফরম পূরণ করছি। আল্লাহ রব্বুল আ'লামীন আমাকে তাঁর দ্বীনের দায়িত্ব পালন করার তাওফিক দান করুন। *ছুম্মাআমিন।।*

Fore Name:............................................................

Surename:............................................................

DOB:............................................................

Profession:............................................................

Address :............................................................

............................................................

............................................................

Town/City:.............................. County:..............................

Contact Number:............................................................

Email:............................................................

**Signature**:.............................. Date :..............................

**FOR OFFICE USE ONLY**

Ref:............................................................

Comments:............................................................

............................................................

............................................................